জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজে ৪ দিন ব্যাপি আন্তঃ হাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

জয়পুরহাট:: জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজে উদ্যোগে রোববার সকালে আন্তঃহাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।
প্রধান অতিথি হিসেবে কলেজের অধ্যক্ষ (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন ক্যাপ্টেন মোহাম্মদ আরিফুল হক প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

কলেজের অধ্যক্ষ ক্যাডেটদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং অংশগ্রহণকারী সকল ক্যাডেটকে উৎসাহ প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ ড. মো: সাইফুল আলম, এ্যাডজুটেন্ট মেজর মাহাজেবিন খান, মেডিক্যাল অফিসার মেজর নাজমিন আক্তার মৌ।

৪ দিনব্যাপী এই প্রতিযোগিতায় কলেজের চারটি হাউসের ক্যাডেটরা মোট ২৫টি ইভেন্টে অংশগ্রহণ করছে। এছাড়াও কর্মকর্তা, অনুষদ সদস্য, কর্মচারী ও তাদের পরিবারবর্গের জন্য বিভিন্ন ক্রীড়া ইভেন্টের আয়োজন করা হয়েছে।

এই প্রতিযোগিতার মাধ্যমে ক্যাডেটদের মধ্যে শৃঙ্খলা, নেতৃত্ব ও সৌহার্দ্যপূর্ণ প্রতিযোগিতার মানসিকতা আরও দৃঢ় হবে বলে আয়োজকরা আশাবাদ ব্যক্ত করেন।

আগামী ২৪ ডিসেম্বর সমাপনী অনুষ্ঠানে মেজর জেনারেল তৌহিদুল আহমেদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, জিওসি, ১১ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, বগুড়া এরিয়া, বগুড়া সেনানিবাস, বগুড়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে জানানো হয়।